গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চান্দিনা, কুমিল্লা
www.chandina.comilla.gov.bd

স্মারক নম্বর ০৫.২০.১৯২৭.০১.০১৮.০২০.২৩- ৭৫৪

তারিখ: ০১ আষাঢ় ১৪৩০
১৫ জুন ২০২৩

## পবিত্র ঈদুল আযহা-২০২৩ উপলক্ষে অস্থায়ী গরু-ছাগলের হাট-বাজার ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চান্দিনা উপজেলাধীন নিম্নলিখিত অস্থায়ী পশুর হাটসমূহ ১৪৩০ বঙ্গাব্দের জন্য (অনুর্ধ্ব ০২দিন অর্থাৎজিলহজ্ব মাসের চাঁদ দেখার পর হতে ঈদের পূর্বদিন পর্যন্ত) ইজারা প্রদানের লক্ষ্যে দরদাতাদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। অস্থায়ী পশুর হাটে দরপত্রের নির্ধারিত ফরম (সিডিউল) জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা, পুলিশ সুপারের কার্যালয়, কুমিল্লা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চান্দিনা, সহকারী কমিশনার (ভূমি), এর কার্যালয়, চান্দিনা, ভারপ্রাপ্ত কর্মকর্তা, চান্দিনা থানা ও সোনালী ব্যাংক, চান্দিনা শাখার কার্যালয় হতে আগ্রহী দরদাতাগণ নিম্নলিখিত সময় পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট পশুর হাটের নামের পার্শ্বে উল্লিখিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করতে পারবেন।

দরপত্র নিম্নলিখিত তারিখ সকাল ১০ ঘটিকা হতে ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চান্দিনা, ও সহকারী কমিশনার (ভূমি), চান্দিনার কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে।

### হাটবাজার তালিকা

| ক্রম | অস্থায়ী গবাদিপশুর হাট বাজারের নাম | যে ইউনিয়নে অস্থায়ী গবাদি পশুর হাট বাজার অবস্থিত | সম্ভাব্য মূল্য | সিডিউল ক্রয় মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | এতবারপুর বাজার অস্থায়ী পশুর হাট | এতবারপুর | ২৫,০০০/- | ৫০০/- |
| ২ | বরকইট বাজার অস্থায়ী পশুর হাট | বরকইট | ১০,০০০/- | ৫০০/- |
| ৩ | শ্রীমন্তপুর বাজার অস্থায়ী পশুর হাট | বরকইট | ১৫,০০০/- | ৫০০/- |
| ৪ | কাদুটি বাজার অস্থায়ী পশুর হাট | বরকরই | ২৫,০০০/- | ৫০০/- |
| ৫ | ধেরেরা বাজার অস্থায়ী পশুর হাট | জোয়াগ | ২০,০০০/- | ৫০০/- |
| ৬ | জোয়াগ দক্ষিণ বাজার অস্থায়ী পশুর হাট | জোয়াগ | ৩৫,০০০/- | ৫০০/- |
| ৭ | জোয়াগ উত্তর বাজার অস্থায়ী পশুর হাট | জোয়াগ | ১৫,০০০/- | ৫০০/- |
| ৮ | লক্ষীপুর রত্নাসার দিঘীর পাড় নতুন বাংলা বাজার অস্থায়ী পশুর হাট | জোয়াগ | ২০,০০০/- | ৫০০/- |
| ৯ | কৈলাইন বাজার অস্থায়ী পশুর হাট | জোয়াগ | ২০,০০০/- | ৫০০/- |
| ১০ | নতুন বাংলা বাজার অস্থায়ী পশুর হাট | মাইজখার | ৪০,০০০/- | ৫০০/- |
| ১১ | ভোমরকান্দি মঠবাড়ী বাজার অস্থায়ী পশুর হাট | মাইজখার | ১৭,০০০/- | ৫০০/- |
| ১২ | মনারটং বাজার অস্থায়ী পশুর হাট | মাইজখার | ২০,০০০/- | ৫০০/- |
| ১৩ | কুটুম্বপুর উচ্চ বিদ্যালয় সংলগ্ন অস্থায়ী পশুর হাট | মাধাইয়া | ২০,০০০/- | ৫০০/- |
| ১৪ | মাধাইয়া ইউনিয়ন পরিষদ সংলগ্ন বাজার অস্থায়ী পশুর হাট | মাধাইয়া | ৪০,০০০/- | ৫০০/- |
| ১৫ | অম্বরপুর বায়তুল জান্নাত মাদ্রাসা সংলগ্ন অস্থায়ী পশুর হাট | মহিচাইল | ১০,০০০/- | ৫০০/- |
| ১৬ | পরচংগা বাজার অস্থায়ী পশুর হাট | মহিচাইল | ১০,০০০/- | ৫০০/- |
| ১৭ | বড়ইয়াকৃষ্ণপুর বাজার অস্থায়ী পশুর হাট | সুহিলপুর | ১২,০০০/- | ৫০০/- |
| ১৮ | দারোরা বাজার অস্থায়ী পশুর হাট | গল্লাই | ১০,০০০/- | ৫০০/- |
| ১৯ | গল্লাই তালতলী বাজার অস্থায়ী পশুর হাট | গল্লাই | ১০,০০০/- | ৫০০/- |
| ২০ | কেশরা মঞ্জুরী খলা সংলগ্ন অস্থায়ী পশুর হাট | গল্লাই | ৬০,০০০/- | ৫০০/- |
| ২১ | নূরীতলা বাজার অস্থায়ী পশুর হাট | কেরণখাল | ২০,০০০/- | ৫০০/- |
| ২২ | চিলোড়া বাজার অস্থায়ী পশুর হাট | বাড়েরা | ১০,০০০/- | ৫০০/- |

### সীলমোহরকৃত দরপত্র দাখিলের সময়সূচি নিম্নরুপ

| দরপত্র ফরম (সিডিউল ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়) | সীলমোহরকৃত দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার সময় |
|---|---|---|
| ১৯/০৬/২০২৩খ্রি: সকাল ৯ হতে বিকাল ৪টা পর্যন্ত | ২০/০৬/২০২৩ খ্রি: দুপুর ১.০০ টা পর্যন্ত | ২০/০৬/২০২৩খ্রি: বিকাল ৩.০০ টা |
| **দ্বিতীয় পর্যায়** | | |
| ২১/০৬/২০২৩ সকাল ৯ হতে বিকাল ৪টা পর্যন্ত | ২২/০৬/২০২৩ খ্রি: দুপুর ১.০০ টা পর্যন্ত | ২২/০৬/২০২৩খ্রি: বিকাল ৩.০০ টা |

চ/

**শর্তাবলীঃ**

১। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ১০০% অর্থ এবং জামানত বাবদ ৫% অর্থ, দরপত্রে উল্লিখিত দরের উপর ১৫% ভ্যাট এবং ১০% আয়কর হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার (পৃথক পৃথক) এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনার অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

২। ডিজিটাল সেন্টারের মাধ্যমে ডিজিটাল প্লাটফর্মে পশুর হাট আয়োজনের বিষয়ে অগ্রাধিকার প্রদান করতে হবে।

৩। কোরবানীর পশুর হাট ব্যবস্থাপনা এবং পশু কোরবানীকালীন স্বাস্থ্য বিভাগ প্রণীত গাইডলাইন যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।

৪। সড়ক/মহাসড়কে যানবাহন নির্বিঘ্নে চলাচলের সুবিধার্থে জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের উপর বা সন্নিকটে কোন ক্রমেই পশুর হাট বসানো যাবে না। এ নির্দেশনা অমান্যকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। অস্থায়ী পশুর হাট স্থাপন বা ইজারা প্রদান বা মালিকানার বিষয়ে বিজ্ঞ আদালতে কোন মামলা মোকাদ্দমা সংক্রান্ত আইনগত জটিলতা থাকলে বিজ্ঞ আদালতের সর্বশেষ আদেশ বাস্তবায়ন করতে হবে।

৬। পশুর হাটে পশুর সুস্থ্যতা যাচাই করার জন্য ভেটেরিনারি চিকিৎসা/সার্জন এর অবস্থান নিশ্চিত করতে হবে।

৭। কেবল মাত্র সর্বোচ্চ দরদাতার বরাবরে ইজারা প্রদান করা হবে। উল্লেখ্য, কোন বাজারের একটি মাত্র দরপত্র পাওয়া গেলেও দাখিলকৃত ইজারা মূল্য যদি কর্তৃপক্ষের সন্তোষজনক বিবেচিত হয় এক্ষেত্রে একক দরপত্রের ভিত্তিতে ইজারা প্রদান করা যেতে পারে।

৮। ইজারাকৃত অস্থায়ী হাট বাজার /স্থানসমূহ যথাযথ পরিস্কার পরিচ্ছন্নতা রক্ষার্থে যাবতীয় দায় দায়িত্ব ইজারাদারকেই বহন করতে হবে এবং কোথাও কোন গর্ত বা মাটি কাটা ইত্যাদি যে কোন বেআইনি কাজ কর্ম থেকে সম্পূর্ণ বিরত থাকবে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত সহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১০। সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রদত্ত ইজারার মেয়াদ অনূর্ধ্ব ০২দিন। অর্থাৎ ঈদের চাঁদ দেখার পর হতে ঈদের পুর্বদিন পর্যন্ত যে কোন দুই দিন।

১১। কর্তৃপক্ষের কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


তাপস শীল
উপজেলা নির্বাহী অফিসার
চান্দিনা, কুমিল্লা
☎ ০২৩৩৪৪০৮৭২৮
unochandina@gmail.com


স্মারক নম্বর ০৫.২০.১৯২৭.০১.০১৮.০২০.২৩- ৭২৪/১(৫০)  তারিখ: ০৬ আষাঢ় ১৪৩০ / ২০ জুন ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ,ত পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। জেলা প্রশাসক, কুমিল্লা

০৩। পুলিশ সুপার, কুমিল্লা

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চান্দিনা, কুমিল্লা

০৫। সহকারী কমিশনার (ভূমি), চান্দিনা, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক উল্লিখিত ১ম পর্যায়ের ধার্য্য তারিখে উপস্থিত হয়ে ইজারা কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো ।

০৬। উপজেলা .......................কর্মকর্তা, চান্দিনা, কুমিল্লা

০৭। চেয়ারম্যান...........................ইউপি (সকল) চান্দিনা, কুমিল্লা বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...............................ইউনিয়ন ভূমি অফিস, চান্দিনা, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


তাপস শীল
উপজেলা নির্বাহী অফিসার
চান্দিনা, কুমিল্লা